

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২০৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. তৃতীয় অনুচ্ছেদ - রাতের সালাত

আরবী

عَنْ مَسْرُوقٍ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ: أَيُّ الْعَمَلِ كَانَ أَحَبَّ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَتْ: الدَّائِمُ قُلْتُ: فَأَيُّ حِينَ كَانَ يَقُومُ مِنَ اللَّيْلِ؟ قَالَتْ: كَانَ يَقُومُ إِذا سمع الصَّارِخ

বাংলা

১২০৭-[২০] মাসরাক থেকে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ্ (রাঃ)-কে রস্লুল্লাহ সাল্লালাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সবচেয়ে প্রিয় 'আমল কোনটি- এ ব্যাপারে প্রশ্ন করেছিলাম। তিনি বললেন, যে 'আমলই হোক তা সব সময় করা। তারপর আমি প্রশ্ন করলাম, রাত্রের কোন সময়ে তিনি (তাহাজ্জুদের) সালাতের জন্যে সজাগ হতেন? তিনি বললেন, মোরগের ডাক শুনার সময়। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১১৩২, মুসলিম ৭৪১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (قَالَتْ: الدَّائِمُ) তিনি (আয়িশাহ্) বললেন, যা সর্বদা করা হয়। অর্থাৎ যে ব্যক্তি কোন 'আমল নিয়মিত পালন করেন সে 'আমলই আল্লাহর নিকট প্রিয়।

(کَانَ يَقُومُ إِذَا سَمِعَ الصَّارِخ) তিনি যখন মোরগের ডাক শুনতে পেতেন তখন উঠে রাতের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন। (الصَّارِخ) থেকে উদ্দেশ্য মোরগ। এতে 'আলিমদের মাঝে কোন মতভেদ নেই। অধিক চিৎকার করার কারণে মোরগকে (صارخ) নামকরণ করা হয়েছে। ইবনু বাত্তাল বলেন, মোরগ রাতের শেষ তৃতীয়াংশ বাকী থাকতে চিৎকার করে। আর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিয়মিত এ সময়ে উঠে রাতের সালাত আদায় করতেন।



হাদীসের শিক্ষাঃ 'আমলের পরিমাণে অল্প হলেও তা নিয়মিত আদায় করা পছন্দনীয় 'আমল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন